# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৫৮

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আহকাফ

## بَابٌ: وَمِنْ سُورَةِ الأَحْقَافِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، عَنْ دَاوُدَ، عَنِ الشَّعْبِيِّ، عَنْ عَلْقَمَةَ، قَالَ قُلْتُ لاِبْنِ مَسْعُودٍ رضى الله عنه هَلْ صَحِبَ النَّبِيَّ صلى الله عليه وسلم لَيْلَةَ الْجِنِّ مِنْكُمْ أَحَدٌ قَالَ مَا صَحِبَهُ مِنَّا أَحَدٌ وَلَكِنْ قَدِ افْتَقَدْنَاهُ ذَاتَ لَيْلَةٍ وَهُوَ بِمَكَّةَ فَقُلْنَا اغْتِيلَ أَوِ اسْتُطِيرَ مَا فُعِلَ بِهِ فَبِتْنَا بِشَرِّ لَيْلَةٍ بَاتَ بِهَا قَوْمٌ حَتَّى إِذَا أَصْبَحْنَا أَوْ كَانَ فِي وَجْهِ الصُّبْحِ إِذَا نَحْنُ بِهِ يَجِيءُ مِنْ قِبَلِ حِرَاءَ قَالَ فَذَكَرُوا لَهُ الَّذِي كَانُوا فِيهِ فَقَالَ " أَتَانِي دَاعِي الْجِنِّ فَأَتَيْتُهُمْ فَقَرَأْتُ عَلَيْهِمْ " . فَانْطَلَقَ فَأَرَانَا آثَارَهُمْ وَآثَارَ نِيرَانِهِمْ . قَالَ الشَّعْبِيُّ وَسَأَلُوهُ الزَّادَ وَكَانُوا مِنْ جِنِّ الْجَزِيرَةِ فَقَالَ " كُلُّ عَظْمٍ لَمْ يُذْكَرِ اسْمُ اللَّهِ عَلَيْهِ يَقَعُ فِي أَيْدِيكُمْ أَوْفَرَ مَا كَانَ لَحْمًا وَكُلُّ بَعْرَةٍ أَوْ رَوْثَةٍ عَلَفٌ لِدَوَابِّكُمْ " . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " فَلاَ تَسْتَنْجُوا بِهِمَا فَإِنَّهُمَا زَادُ إِخْوَانِكُمْ مِنَ الْجِنِّ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩২৫৮. আলী ইবন হুজর (রহঃ) ...... আলকামা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি ইবন মাসউদ রাদিয়াল্লাহু আনহু-কে জিজ্ঞাসা করেছিলাম। জিনদের সঙ্গে নবীজীর যেদিন সাক্ষাতকার হয় সেদিন আপনাদের কেউ কি তাঁর সঙ্গে ছিলেন?

তিনি বললেনঃ না, আমাদের কেউ সেদিন তাঁর সঙ্গে ছিল না। মক্কা থাকাকালে একরাতে আমরা তাঁকে খুঁজে পাচ্ছিলাম না। আমরা ভাবছিলাম, তাঁকে গোপনে হত্যা করে ফেলেছে না কি? তাঁকে কোন জিনে উড়িয়ে নিয়েছে কি? কি হয়েছে তাঁর? সবচেয়ে অস্থির রাত আমরা কাটালাম। শেষে যখন ভোর হয়ে এল বা উষার মুখে হঠাৎ আমরা তাঁকে পেলাম। তিনি হেরার দিক থেকে আসছেন। তাঁরা (সাহাবীরা) তাঁকে তারা যে দুশ্চিন্তায় ছিলেন তা বললেন। নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ জিনদের পক্ষ থেকে একজন আমন্ত্রণকারী আমার কাছে

এসেছিল। এরপর আমি তাদের কাছে পৌঁছলাম এবং তাদেরকে কুরআন পাঠ করে শুনালাম।

ইবন মাসঊদ রাদিয়াল্লাহু আনহু বলেন, এরপর নবীজী আমাদের নিয়ে চললেন এবং তাদের চি�হ্ন ও তাদের আগুনের চিহ্ন আমাদের দেখালেন। শা’বী (রহঃ) বলেনঃ এরা ছিল জাযীরা অঞ্চলের জিন। তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে খাদ্যের দরখাস্ত জানায়।

তিনি বললেনঃ যে হাড্ডি (আহারের সময়) বিসমিল্লাহ্ বলে আহার করা হবে তা তোমাদের হাতে আরো অধিক মাংস পূর্ণ হয়ে আসবে। আর উটের বিষ্ঠা বা গোবর তোমাদের পশু খাদ্য রূপে পাবে।

রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা হাড্ডি ও বিষ্ঠা দিয়ে ইস্তিঞ্জা করবে না। কারণ এ দু’টো হল তোমাদের ভাই জিনদের খাদ্য।

اسْمُ اللَّهِ و عَلَفٌ لِدَوَابِّكُمْ ব্যাতিত হাদিসটি সহিহ, যঈফাহ ১০৩৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৫৮ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)এই হাদীসটি হাসান-সহীহ।

## English

Narrated Ash-Sha'bi:
that 'Alqamah said: "I said to Ibn Mas'ud, may Allah be pleased with him: 'Did any of you accompany the Prophet (ﷺ) on the Night of the Jinn?' He said: 'None of us accompanied him. One night, while he was in Makkah, we could not find him. We said: "He has been murdered [or] snatched, what has happened to him?" So we spent the worst night a people could spend until the morning' or 'it was about dawn when we saw him coming from the direction of Hira.' He said: 'They told him about what they had went through.'" "So he (ﷺ) said: 'Someone from the Jinn came to invite me, so I went to them to recite for them.' He said: "So we went and saw their tracks and the traces of their camp fire.'" Ash-Sha'bi said: "They asked him about their provisions - and they were Jinns of Mesopotamia - so he said: 'Every bone upon which Allah's name has not been mentioned, that falls into your hands, and every dropping of dung is fodder for your beasts.'" So the Messenger of Allah (ﷺ) said: "Do not perform Istinja with them for indeed they are provisions for your brothers among the Jinns."

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন � বর্ণনাকারীঃ আলকামাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38649

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন